গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬
web: www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৭.০১৫.০২.০০৯.২০১২-৮৮৮

তারিখ ঃ ০২ শ্রাবণ, ১৪২৩
১৭ জুলাই, ২০১৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন নির্ধারিত ১১টি প্রাইমারী ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই) এর জন্য অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত পদে সরকারি বিধি মোতাবেক প্রদেয় পদের পার্শ্বে উল্লিখিত বেতনস্কেলে সহকারী লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে (রাংগামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা ব্যতিত) দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদের নূন্যতম শিক্ষাগত যোগ্যতা, প্রয়োজনীয় অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদ নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ২০১৫ অনুযায়ী | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | সহকারী লাইব্রেরীয়ান কাম ক্যাটালগার | ১১ টি | টাকা ১০,২০০-২৪,৬৮০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৪তম গ্রেড | সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর) | লাইব্রেরী সায়েন্স ডিগ্রী /ডিপ্লোমাসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১১টি | টাকা ৯,৩০০-২২,৪৯০/- {চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫} ১৬তম গ্রেড | সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর (মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর) | উচ্চ মাধ্যমিক পাশ। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং প্রতিমিনিটে বাংলায় ২০ এবং ইংরেজী ২৮ শব্দের গতি থাকতে হবে। |

**শর্তসমূহ:**

১। এ বিজ্ঞপ্তির অধীনে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে (Online) দরখাস্ত করতে হবে। সে লক্ষ্যে http://dpe.teletalk.com.bd এবং www.dpe.gov.bd ওয়েবসাইটে লগ ইন করলে একটি লিংক পাওয়া যাবে। ঐ লিংকে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা মোতাবেক অনলাইন আবেদনপত্র পূরণ করতে হবে। Online এ আবেদনপত্র পূরণ শেষে Submit করার পূর্বে অবশ্যই ভালভাবে পড়ে নিতে হবে। চূড়ান্তভাবে Submit করার পর Applicant copy প্রিন্ট নিতে হবে। আবেদন ফি জমা দেয়ার পর Application Form কোন অবস্থাতেই সংশোধন বা প্রত্যাহার করা যাবে না। সঠিকভাবে পূরণকৃত Applicant copy হতে প্রাপ্ত User ID দিয়ে আবেদন ফি জমা দিতে হবে। অতঃপর SMS এর মাধ্যমে আবেদনকারীকে একটি User ID এবং Password দেয়া হবে, যা সব সময়ের জন্য সংরক্ষণ করতে হবে।

২। **অনলাইনে আবেদন ফি গ্রহণ শুরুর তারিখ- ২৪/০৭/২০১৬ খ্রিষ্টাব্দ (সকাল ১০:৩০ মিনিট), শেষ তারিখ- ০৪/০৮/২০১৬ খ্রিষ্টাব্দ (রাত ১১:৫৯ মিনিট)।**

৩। কেবলমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময় পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত SMS এর মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

ক) অনলাইনে আবেদন দাখিলের পর অবশ্যই SMS এর মাধ্যমে 'ফি' প্রদান করতে হবে। 'ফি' প্রদানের পরই কেবল আবেদনটি চূড়ান্তভাবে গৃহিত হয়েছে বলে গণ্য হবে।

খ) পরবর্তীতে লিখিত পরীক্ষার ব্যবস্থাদি চূড়ান্ত করার পর প্রত্যেক যোগ্য আবেদনকারীকে SMS এর মাধ্যমে জানানো হবে এবং তিনি উপরোক্ত ওয়েবসাইটের লিংক ব্যবহার করে পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

গ) দরখাস্তকারী যে জেলার স্থায়ী বাসিন্দা, তাঁর প্রার্থিতা উক্ত জেলার কোটার প্রাপ্যতার অনুকূলে নির্ধারিত থাকবে এবং নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে।

ঘ) প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (জেলাওয়ারী) নিয়োগের চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে নিয়োগ দানের ব্যবস্থা নেয়া হবে।

ঙ) User ID এবং Password সহ অন্যান্য তথ্য পুনঃ উদ্ধারের জন্য উক্ত লিংক-এ প্রার্থীর নিজস্ব তথ্য দিয়ে উদ্ধার করা যাবে।

চ) **প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) এবং টেলিটকের ১৬.৫০ (ষোল টাকা পঞ্চাশ পয়সা) সার্ভিস চার্জসহ অফেরতযোগ্য ১১৬.৫০/- (একশত ষোল টাকা পঞ্চাশ পয়সা) টাকা যে কোন টেলিটক মোবাইল নম্বর হতে SMS এর মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।**

ছ) ১৭ জুলাই ২০১৬ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত প্রযোজ্য হবে। বয়স নিরুপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি **১ম** শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, সেকশন ২, ঢাকা ১২১৬ ঠিকানায় জমা দিতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে) এবং প্রশিক্ষণ এর সত্যায়িত কপি;
(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;
(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;
(ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
(ঙ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(চ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;
(ঝ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;
(ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

৬। উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।
৭। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
৮। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।
৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
১০। বিজ্ঞপ্তিতে জারীকৃত উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

স্বাররিত/-
১৭.০৭.২০১৬
মোঃ আলমগীর
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।